DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 12 Nov 2026, 02:25 PM

ক্যাম্পাস

ফ্যাসিস্ট আমলের কারাবাসের স্মৃতিচারণ করে জবি ছাত্রদল নেতা রুমির আবেগঘন বার্তা

প্রতিবেদক: জবি প্রতিনিধি
প্রকাশের তারিখ: শনিবার, ০৩ অক্টোবর ২০২৬, ০৭:৩৭ PM



২০১৪ সালের ৩ অক্টোবর গ্রেপ্তার হয়ে নাজিমুদ্দিন রোডের পুরোনো কারাগারে যাওয়ার স্মৃতি স্মরণ করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ছাত্রদলের ২ নং যুগ্ম আহ্বায়ক মোস্তাফিজুর রহমান রুমি। দীর্ঘ কারাবাসের সেই সময়কে নিজের রাজনৈতিক জীবনের কঠিন পরীক্ষা হিসেবে উল্লেখ করে তিনি বলেছেন, নানা প্রতিকূলতা ও নির্যাতনের মধ্যেও নিজের রাজনৈতিক আদর্শ ও কমিটমেন্ট থেকে সরে যাননি। তিনি বলেন, "আজকের এই দিনে ৬ বার গ্রেফতারের মধ্যে ২য় বার গ্রেফতার হয়ে কারাগারে গিয়েছিলাম।"

শনিবার (৩ অক্টোবর) নিজের সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক ফেসবুক পোস্টে তিনি এসব কথা বলেন।

পোস্টে রুমি বলেন, ০৩ অক্টোবর ২০১৪ইং একটি দিন, যা আজও ভুলতে পারিনি। ওই দিন গ্রেপ্তার হয়ে নাজিমুদ্দিন রোডের পুরোনো কারাগারে যেতে হয়েছিল উল্লেখ করে তিনি বলেন, কারাগারের অন্ধকার প্রকোষ্ঠের দীর্ঘ ও দুঃসহ স্মৃতি এখনো মনে পড়লে তার বুক ভার হয়ে

আসে।

তিনি আরও বলেন, শত অত্যাচার-নির্যাতন, ভয় ও প্রতিকূলতার মধ্যেও দেশ, দলের আদর্শ ও রাজনৈতিক কমিটমেন্ট থেকে তিনি একচুলও সরে আসেননি।

কারাগার থেকে মুক্ত হয়ে নতুন উদ্যমে রাজপথে ফিরে অন্যায়ের বিরুদ্ধে এবং ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে আপসহীনভাবে সোচ্চার হয়েছেন বলেও উল্লেখ করেন তিনি।

কারাবন্দি অবস্থার স্মৃতিচারণ করে ওই নেতা বলেন, কঠিন সময়ে অনেকবার মনে হয়েছে কখন এই সময় শেষ হবে। তখন প্রিয়জন ও রাজপথের সহযোদ্ধাদের কথা মনে পড়লেও সবচেয়ে বেশি মনে পড়েছে নিজের বিশ্বাস, আদর্শ এবং যে পথকে সত্য মনে করে রাজনীতিতে এসেছিলেন, সেই পথের কথা।

তিনি দাবি করেন, ব্যক্তিগত কষ্ট ও নানা প্রতিকূলতার মধ্যেও নিজের বিশ্বাস থেকে কখনো সরে যাননি। বরং কারাগারের অন্ধকার তাকে আরও দৃঢ় করেছে এবং নিজের অবস্থান, আদর্শ ও রাজনৈতিক প্রতিশ্রুতির প্রতি আস্থা বাড়িয়েছে।

নাজিমুদ্দিন রোডের পুরোনো কারাগারের সেই দিনগুলোকে শুধু কারাবাসের স্মৃতি হিসেবে দেখেন না উল্লেখ করে তিনি বলেন, এটি তার রাজনৈতিক জীবনের একটি কঠিন পরীক্ষা। সেই পরীক্ষা তাকে আরও দৃঢ় ও প্রত্যয়ী করে রাজপথে ফিরিয়ে এনেছে।

পোস্টের শেষাংশে তিনি বলেন, “আমাদের মতো হাজার হাজার কর্মীর শ্রম, ঘাম, রক্ত ও আত্মত্যাগের বিনিময়ে আজকের এই বাংলাদেশ।”

এ বিভাগের আরও খবর




জবি সাংবাদিক সমিতির নতুন সভাপতি শাহাদাত ও সম্পাদক রাকিব

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (জবিসাস) ২০২৬-২৭ বর্ষের নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। এতে সভাপতি নির্বাচিত হয়েছেন প্রথম আলোর...



সাত মাসে তিন দফা রদবদল, জবির নতুন প্রক্টর অধ্যাপক নাছির আহমাদ

এ বছরের গত ৩০ মার্চ থেকে ২৮ অক্টোবর পর্যন্ত সাত মাসের ব্যবধানে তিন দফা রদবদল হয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) প্রক্টর পদে। যার মধ্যে একজন...



জবির সমাজবিজ্ঞান বিভাগের ১৭তম ব্যাচের স্নাতক সমাপনী অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সমাজবিজ্ঞান বিভাগের ১৭তম ব্যাচের স্নাতক সমাপনী উপলক্ষে আলোচনা ও ক্রেস্ট প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলব...



বেগম খালেদা জিয়া হল, এক দশকেও অসমাপ্ত নির্মাণকাজ

নাম বদলে ‘শেখ হাসিনা হল’ থেকে ‘বেগম খালেদা জিয়া হল’ করা হয়েছে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) নির্মাণাধীন ১০ তলাবিশিষ্ট ছাত্রী...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/campus/fjasist-amler-karabaser-smriticharn-kre-jbi-chhatrdl-neta-rumir-abegghn-barta